

তৈবান্দাল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নবনির্মিত পাকা ভবনের উদ্বোধন

রাজ্যের প্রান্তিক জনপদগুলিতে উন্নত স্বাস্থ্য
পরিষেবার পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে : মুখ্যমন্ত্রী

রাজ্যে স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়ন ও উন্নত স্বাস্থ্য পরিষেবা সম্প্রসারণে সরকার বিশেষ গুরুত্ব দিয়েছে। রাজ্যে স্বাস্থ্য পরিকাঠামোকে উন্নত করার জন্য সরকার নিরন্তর প্রয়াস চালিয়ে যাচ্ছে। মৌলিক স্বাস্থ্য পরিকাঠামোকে শক্তিশালী করার জন্য রাজ্যে ১০০টি উপস্বাস্থ্যকেন্দ্র নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। আজ সোনামুড়ার তৈবান্দাল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নবনির্মিত পাকা ভবনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। এ উপলক্ষে তৈবান্দাল মাল্টিপারপাস কমিউনিটি হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যের প্রান্তিক জনপদগুলিতে উন্নত স্বাস্থ্য পরিষেবার পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। ৫৫ কোটি টাকা ব্যয়ে একটি পৃথক সংক্রামক ব্যাধি নিরাময় কেন্দ্র স্থাপন করা হবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের সার্বিক বিকাশে চিকিৎসা পরিষেবা সহ শিক্ষা, কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্রগুলির উন্নয়নে অগ্রাধিকার দেওয়া হয়েছে। রাজ্যে এখন বিভিন্ন জটিল রোগের আধুনিক চিকিৎসার সুযোগ সম্প্রসারিত হয়েছে। ফলে বহিরাঙ্গ্যে গিয়ে চিকিৎসা করানোর প্রবণতা অনেকটা হ্রাস পেয়েছে। রাজ্য সরকার সবকা সাথ সবকা বিকাশের নীতি নিয়ে উন্নয়ন কর্মসূচি রূপায়ণ করছে। মুখ্যমন্ত্রী এদিন সোনামুড়া মহকুমার উরমাই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নবনির্মিত কোয়ার্টার কমপ্লেক্সেরও উদ্বোধন করেন। এই কোয়ার্টার কমপ্লেক্সে ১০টি কোয়ার্টার রয়েছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের অধিকর্তা ড. অঞ্জন দাস। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি তথা মোহনভোগ বিএসির চেয়ারম্যান বাসল্য কুমার নোয়াতিয়া। অনুষ্ঠানে এছাড়াও অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক বিন্দু দেবনাথ, এমডিসি পদ্মলোচন ত্রিপুরা, স্বাস্থ্য অধিকারের অধিকর্তা ড. সুপ্রিয় মল্লিক, সিপাহীজলা জিলা পরিষদের সহকারি সভাপতি পিন্টু আইচ, সিপাহীজলা জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ড. দেবাশিস দাস প্রমুখ।

তৈবান্দাল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নবনির্মিত ১০ শয্যা বিশিষ্ট পাকা ভবন নির্মাণে ব্যয় হয়েছে ১ কোটি ৮৩ লক্ষ ১০ হাজার ৩৬১ টাকা। উরমাই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের কোয়ার্টার কমপ্লেক্স নির্মাণে ব্যয় হয়েছে ২ কোটি ৯ লক্ষ ৪ হাজার ৯১৮ টাকা।